উপজেলা পরিষদ

মোহনগঞ্জ, নেত্রকোণা

**বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ৩০ অক্টোবর ২০২৪ খ্রিঃ, বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব রেজওয়ানা কবির, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১ম কিস্তিতে ২৪,৮৬,০০০.০০ (চব্বিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা হারে বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দের আলোকে আরো ০৩ কিস্তি হিসেবে মোট ৯৯,৪৪,০০০.০০ (নিরানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩৬,০০,০০০.০০ (ছত্রিশ লক্ষ) টাকার প্রকল্প প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে তিনি জানান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এবং রাজস্ব তহবিলের আওতায় দ্রুত প্রকল্প প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। নীতিমালা অনুযায়ী ৭০% টেন্ডার এবং ৩০% পিআইসির মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, বর্তমান মাসে ১৪৬০০টি ছাগল ও ভেড়াকে পিপিআর রোগের ভ্যাকসিন প্রদান করা হয়েছে এবং বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালনা হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, দেশব্যাপী মা ইলিশ সংরক্ষণ কার্যক্রমের আওতায় নিয়মিত মাছ বাজার মনিটরিং করা হচ্ছে এবং সামনে শীতকালকে বিবেচনা করে পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদানসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তবে চলমান পরিস্থিতির কারণে শিক্ষার্থীর উপস্থিতি কম। তাই উপস্থিতি বৃদ্ধি করতে উপজেলার ৮৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ করা হবে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এবং কাজের ধারা অব্যাহত থাকবে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ০১ নভেম্বর ২০২৪ খ্রিঃ জাতীয় যুব দিবস উদ্‌যাপন হবে। দিবসে প্রশিক্ষণের উদ্বোধন ও অন্যান্য ভাতা বিতরণ করা হবে এবং সংশ্লিষ্ট সকলকে অংশ গ্রহণ করার জন্য আহ্বান জানান, তিনি অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| | | | | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপজেলা প্রতিবন্ধী কর্মকর্তা | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, অক্টোবর/২৪ মাসে মাতৃতকালিন ভাতার আবেদন হয়েছে ১১৭টি। ইউনিয়ন কমিটির সুপারিশক্রমে ১০৩ জনকে ভাতাভোগী করা হয়। অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী বলেন, বিগত অর্থবছরের ৩০টি গভীর নলকূপের কাজ বাকী আছে যা ইতিমধ্যে কাজ শুরু হয়েছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার বলেন তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম নিয়মিত চলছে চলতি ঋণ আদায়ের হার ৯৪% খেলাপী ঋণ আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |

(৩) বিবিধ : (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা, উপজেলার কার্যক্রম বেগবান করার লক্ষ্যে সকলকে নিয়ে কাজ করার আশা ব্যক্ত করেন এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

(খ) অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের অক্টোবর /২০২৪ মাসের মজুরী প্রদান। | ২৩,১০০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অক্টোবর/২০২৪ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ৩০,০০০/- |
| ০৩ | উপজেলা চত্বর, মোহনগঞ্জ এর বিদ্যুৎ বিল পরিশোধের জন্য ব্যয় | ৭৭,৬০১/- |
| ০৪ | ২০২৩-২০২৪ অর্থবছরের পত্রিকায় বিল ব্যয় বাবদ | ১০,০৮২/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৬০/১০/২৪

(রেজওয়ানা কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

CamScanner

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৭৫১ (৪০) তারিখঃ ৩০ অক্টোবর ২০২৪ খ্রি.

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ..........................................................,........অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,..................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

৩০/১০/২৪

(রেজওয়ানা কবির)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner